

কমান্ডার ঢাকা নৌ অঞ্চল
বানৌজা হাজী মহসীন
ঢাকা সেনানিবাস সদর:
ঢাকা-১২০৬
ফোনঃ ৯৮৩৬১৪১-৯/২৫০৪
ই-মেইলঃ comdhaka@navy.mil.bd
ফ্যাক্সঃ ০২-৮৭১২২৪৪

পত্র প্রাপ্তির তারিখঃ ২৪/০৭/২৪
৬৪৪
৩১/৭

০৩ মাঘ ১৪৩০

৩৫ জানুয়ারি ২০২৪

২৩.০২.২৬০৮.২০০.৫৫.৩১০.২৪.৩৩৬

স্বনামধন্য কলেজসমূহে ADMISSION CAMPAIGN পরিচালনা প্রসঙ্গে

সূত্রঃ

ক। নৌবাহিনী সদর দপ্তর পত্র নং ২৩.০২.২৬২৬.১৪১.১১.০১৪.২৪.২৪ তারিখ ০৮ জানুয়ারি ২০২৪ (সকলকে নয়)।

১। বাংলাদেশ নৌবাহিনীর উপর অর্পিত দায়িত্ব পালন তথা দেশ মাতৃকার সেবায় আত্মনিয়োগের জন্য এ বাহিনীতে চৌকশ, বিচক্ষণ ও মেধাবী শিক্ষার্থীদের যোগদান বিশেষ গুরুত্বের সাথে বিবেচনা করা হয়ে থাকে। এ সকল শিক্ষার্থী নৌবাহিনীতে অফিসার হিসেবে যোগদানের পর দেশে ও বিদেশে উপযুক্ত প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে দেশ মাতৃকার পবিত্র সেবায় নিজেদেরকে নিয়োজিত করার সুযোগ পায়। বিশাল সমুদ্র সীমার সার্বভৌমত্ব রক্ষাসহ বিবিধ দায়িত্ব পালনের জন্য আকর্ষণীয় এবং চ্যালেঞ্জিং এ পেশায় যোগদানে উদ্বুদ্ধ করার প্রচেষ্টার অংশ হিসেবে এইচএসসি দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীদের মাঝে নৌবাহিনী কর্তৃক Admission Campaign পরিচালনা করা হবে।

২। ইতোপূর্বে আপনার স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান হতে উল্লেখযোগ্য সংখ্যক মেধাবী শিক্ষার্থী নৌবাহিনীতে অফিসার হিসেবে যোগদান করেছে এবং তারা দেশে/ বিদেশে কৃতিত্বের স্বাক্ষর রেখেছে। আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের এ কৃতিত্ব দেশের ভাবমূর্তি উজ্জ্বল করেছে। আপনার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের এহেন অবদানের জন্য বাংলাদেশ নৌবাহিনী তথা জাতির নিকট আপনার প্রতিষ্ঠান চিরস্মরণীয় হয়ে থাকবে। এরই ধারাবাহিকতায় এ বছরও আমরা আপনার কলেজের আগ্রহী শিক্ষার্থীদের বাংলাদেশ নৌবাহিনীতে অফিসার ক্যাডেট হিসেবে যোগদানের জন্য উদাত্ত আহ্বান জানাচ্ছি। উল্লেখ্য, ইতোপূর্বে উক্ত কার্যক্রম পরিচালনায় আমরা আপনাদের অকুণ্ঠ সহযোগিতা পেয়েছি তার জন্য আমরা কৃতজ্ঞ। এবছরও আমরা এর ধারাবাহিকতা আশা করছি। এশ্রমিক্তে নৌবাহিনীতে অফিসার ক্যাডেট হিসেবে যোগদানে উদ্বুদ্ধকরণসহ কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে অনলাইনে আবেদন ও ভর্তি সংক্রান্ত কার্যক্রম জানুয়ারি - মার্চ ২০২৪ এর মধ্যে পরিচালনার লক্ষ্যে প্রস্তাবনা (প্রস্তাবিত তারিখ ও সময়) আগামী ২২ জানুয়ারি ২০২৪ এর মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। প্রস্তাবিত তারিখে আপনার স্বনামধন্য কলেজে একটি অস্থায়ী স্টল স্থাপন ও এতদসংক্রান্ত কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। উল্লিখিত কার্যক্রম পরিচালনার নিমিত্তে অত্র দপ্তর কর্তৃক প্রয়োজনীয় সমন্বয়সাধন করা হবে।

৩। এতদসংক্রান্ত, যে কোন বিষয়ে প্রয়োজনীয় সমন্বয়ের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তার সাথে যোগাযোগ করা যেতে পারেঃ

কমান্ডার মুফতি মাহমুদ খান, (ট্যাজ), বিসিজিএম, বিপিএম, পিপিএম, বিএন (পি নং ১০২৬)

বানৌজা হাজী মহসীন/ পিসিও টু কমঢাকা

ফোনঃ ৯৮৩৬১৪১-৯/২৫২৫ (বর্ধিত)

মোবাইলঃ ০১৭৬৯৭০২৫২৫, ফ্যাক্সঃ ০২-৮৭১২২৪৪

৪। আপনার সক্রিয় সহযোগিতা একান্ত কাম্য।

AAmyal

এস এম মঈন উদ্দীন

ক্যাপ্টেন বিএন

পক্ষে কমান্ডার ঢাকা নৌ অঞ্চল

বিতরণঃ

বহিষ্ণুঃ

কার্যঃ

অধ্যক্ষ

স্বনামধন্য কলেজ, ঢাকা

(নির্ধারিত কলেজসমূহ)

অবগতিঃ

পার্সোনেল সার্ভিসেস পরিদপ্তর

অধিনায়ক, বানৌজা হাজী মহসীন

অভ্যন্তরীণঃ

কার্যঃ

কমান্ডার মুফতি মাহমুদ খান, (ট্যাজ), বিসিজিএম, বিপিএম, পিপিএম, বিএন (পি নং ১০২৬)

- সূত্র পত্রে উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগের অনুরোধসহ।